# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৯০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৯১]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ১৬: অন্য আর এক প্রকার বর্ণনা

باب نَوْعٌ آخَرُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، قال: حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ، قال: حَدَّثَنِي أَبِي، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَنَّهُ خَرَجَ يَوْمًا مُسْتَعْجِلًا إِلَى الْمَسْجِدِ وَقَدِ انْكَسَفَتِ الشَّمْسُ فَصَلَّى حَتَّى انْجَلَتْ، ثُمَّ قَالَ: إِنَّ أَهْلَ الْجَاهِلِيَّةِ كَانُوا، يَقُولُونَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَنْخَسِفَانِ إِلَّا لِمَوْتِ عَظِيمٍ مِنْ عُظَمَاءِ أَهْلِ الْأَرْضِ، وَإِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَنْخَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، وَلَكِنَّهُمَا خَلِيقَتَانِ مِنْ خَلْقِهِ يُحْدِثُ اللَّهُ فِي خَلْقِهِ مَا يَشَاءُ، فَأَيُّهُمَا انْخَسَفَ فَصَلُّوا حَتَّى يَنْجَلِيَ أَوْ يُحْدِثَ اللَّهُ أَمْرًا .

تخريج دارالدعوہ: تفرد بہ النسائي، (تحفة الأشراف: ١١٦١٥) (ضعیف) (سند میں حسن بصری مدلس ہیں اور یہاں روایت عنعنہ سے ہے، اور سند میں انقطاع ہے، تراجع الالبانی ٣٣٩)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1491 - ضعيف

বাংলা

১৪৯০. মুহাম্মাদ ইবনু বাশশার (রহ.) ..... নুমান ইবনু বাশীর (রাঃ)-এর সূত্রে নবী (সা.) হতে বর্ণিত। তিনি একদিন অতি দ্রুত মসজিদ অভিমুখে বের হয়ে গেলেন, তখন সূর্যগ্রহণ লেগে গিয়েছিল। তারপর এমনিভাবে সালাত আদায় করলেন যে, সূর্য আলোকিত হয়ে গেল। এরপর বললেন, জাহিলিয়্যাহ যুগের লোকেরা বলত যে, পৃথিবীর কোন মহান ব্যক্তির ইন্তিকাল ছাড়া চন্দ্র-সূর্যের গ্রহণ হয় না। অথচ কারও জন্মমৃত্যুর কারণে চন্দ্র-সূর্যের

গ্রহণ হয় না। তারা আল্লাহর সৃষ্ট বস্তুসমূহের দু'টি বস্তু। আল্লাহ তা'আলা তাঁর সৃষ্টিতে যা যা ইচ্ছা নতুন ঘটনা সংঘটিত করেন। অতএব সূর্য এবং চন্দ্রের কারও যদি গ্রহণ লাগে, তবে তোমরা সালাত আদায় করতে থাকবে, তা আলোকিত হওয়া অথবা আল্লাহ তা'আলার নতুন কোন ফায়সালা হওয়া পর্যন্ত।

## English

Another version

It was narrated from An-Nu'man bin Bashir that : The Prophet (ﷺ) came rushing out to the masjid one day when the sun eclipsed, and he prayed until the eclipse ended, then he said: The people of Jahilliyyah used to say that eclipses of the sun and the moon only happened when some great man on earth died. But eclipses of the sun and the moon do not happen for the death or birth of anyone. Rather they are two of the creations of Allah (SWT) and Allah (SWT) causes to happen in His creation what He wills. Whichever of them becomes eclipsed, pray until it is over or Allah (SWT) causes something to happen.

## ফুটনোট

সনদ দুর্বলঃ নাসায়ী’র “সুনানুল কুবরা” ১৮৭৫, বায়হাকী সুনান (৩/৩৩৩), ইবনে খুযায়মাহ ১৪০২-১৪০৪। কারণ, হাসান বাসরী সুনান থেকে হাদীসটি শোনেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ নু’মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89986

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন